



তথ্যবিবরণী

নম্বর-২২৮

৬৭ হাজার শিশুকে ভিটামিন 'এ' খাওয়াবে রাসিক

রাজশাহী; ২৭ ফাল্গুন (১২ মার্চ):

আগামী শনিবার (১৫ মার্চ) সারা দেশের ন্যায় রাজশাহী মহানগরীতে দিনব্যাপী জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে। ওইদিন রাজশাহী সিটি কর্পোরেশনের ব্যবস্থাপনায় নগরীর প্রায় ৬৭ হাজার শিশুকে ভিটামিন এ খাওয়ানো হবে। এ উপলক্ষ্যে আজ বুধবার (১২ মার্চ) বেলা সাড়ে এগারোটায় নগর ভবনের সিটি হলরুমে রাসিক আয়োজিত সাংবাদিক সম্মেলনে এসব কথা জানানো হয়। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী বিভাগীয় কমিশনার ও রাসিক প্রশাসক খোন্দকার আজিম আহমেদ।

রাসিকের পক্ষ থেকে জানানো হয়, আগামী ১৫ মার্চ মহানগরীতে ৬-১১ মাস বয়সী ৮ হাজার ৭ শত ১৫ জন এবং ১২-৫৯ মাস বয়সী ৫৭ হাজার ৯ শত ৫ জন শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। মহানগরীতে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন সূষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নে ৩৮৪টি কেন্দ্রে দুই জন করে মোট ৭৬৮ জন স্বেচ্ছাসেবী নিয়োজিত থাকবে। প্রতিটি কেন্দ্র সকাল ৮টা হতে বিকাল ৪টা পর্যন্ত খোলা থাকবে। নির্দিষ্ট কেন্দ্র ছাড়াও রেল স্টেশন ও বাস স্ট্যাণ্ডে ভ্রাম্যমাণ কেন্দ্রে এ কার্যক্রম পরিচালিত হবে। রাসিকের বাইরের কোনো শিশু হলেও তাকে এই ক্যাপসুল খাওয়ানো হবে। জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনের মাধ্যমে ৬-১১ মাস বয়সী সকল শিশুকে একটি করে নীল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল এবং ১২-৫৯ মাস বয়সী সকল শিশুকে একটি করে লাল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে।

সম্মেলনে সাংবাদিকদের উদ্দেশে বিভাগীয় কমিশনার বলেন, এই ক্যাপসুলের কোনো পার্শ্বপ্রতিক্রিয়া নেই, এটা খেলে কোনো শিশু অসুস্থ হবে না। এসময় তিনি গুজব প্রতিরোধে সোচ্চার থাকার এবং সিটি কর্পোরেশন এলাকায় যেন কোনো শিশু বাদ না পড়ে সে বিষয়ে যত্নবান হতে সকলকে আহ্বান জানান।

সংবাদ সম্মেলনে রাসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. এবিএম শরীফ উদ্দিন, ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলী আহমেদ আল মঈন পরাগ, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. এফএএম আঞ্জুমান আরা বেগমসহ রাসিকের বিভিন্ন শাখার কর্মকর্তা এবং রাজশাহীতে কর্মরত প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।#

.....

তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৫.০০ঘ.